

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

‘স্মার্ট বাংলাদেশ টাঙ্কফোর্সের নির্বাহী কমিটি’র ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ তোফাজ্জল হোসেন মিয়া,
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব
সভার স্থান : করবী হল, প্রধানমন্ত্রীর কার্যালয়
তারিখ ও সময় : ১১ ফেব্রুয়ারি ২০২৪, বেলা ০১:০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি জানান যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ‘স্মার্ট বাংলাদেশ’ এর রূপরেখা ঘোষণার পরে স্মার্ট বাংলাদেশ টাঙ্কফোর্স এর ১ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে সকল মন্ত্রণালয়/বিভাগ স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে কার্যক্রম পরিচালনা করছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক সকল মন্ত্রণালয়/বিভাগ একটি করে জনবান্ধব স্মার্ট উদ্যোগ গ্রহণ করবে। সে প্রেক্ষিতে সকল মন্ত্রণালয়/বিভাগ হতে প্রায় ৫০টি স্মার্ট উদ্যোগ (Quick-Win) গ্রহণ করা হয়েছে। আগামী ৩-৪ মাসের মধ্যে এসকল স্মার্ট উদ্যোগ (Quick-Win) এর বাস্তবায়ন অগ্রগতি নিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে স্মার্ট বাংলাদেশ টাঙ্কফোর্স এর ২য় সভা আয়োজন করা হবে। তিনি আরও জানান যে আগামী ১২ ডিসেম্বর ২০২৪ তারিখ অনুষ্ঠেয় “স্মার্ট বাংলাদেশ” দিবসে সকল মন্ত্রণালয়/বিভাগের স্মার্ট উদ্যোগ (Quick-Win) দিনব্যাপি শোকেসিং করা হবে। সকল মন্ত্রণালয়/বিভাগ স্মার্ট উদ্যোগ (Quick-Win) এর সাথে সামঞ্জস্য রেখে আগামী ০২ বছরের জন্য কর্মপরিকল্পনা গ্রহণ করবে। মন্ত্রণালয়/বিভাগ নিজস্ব কমিটি গঠনের মাধ্যমে এ সকল কার্যক্রম বাস্তবায়ন করবে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব জনাব মোঃ সামসুল আরেফিন, সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ নির্বাচিত ১০টি মন্ত্রণালয়/বিভাগের স্মার্ট উদ্যোগ (Quick-Win) উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব মহোদয়গণকে আহ্বান জানান এবং উপস্থিত সকলকে স্মার্ট উদ্যোগ (Quick-Win) এর বিষয়ে পরামর্শ/মতামত প্রদানের জন্য অনুরোধ জানান।

০২। সভায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রস্তাবিত স্মার্ট উদ্যোগের বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	স্মার্ট উদ্যোগ (Quick-Win)	মূল কার্যক্রম	সিদ্ধান্ত
০১	আইওটি বেজড ২২টি স্মার্ট মৎস্য খামার নির্মাণ বাস্তবায়নকালঃ ৩১ আগস্ট ২০২৪ বাস্তবায়নেঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	<ul style="list-style-type: none">খামার ব্যবস্থাপনায় মৎস্য খাদ্য প্রদান, পানি সঞ্চালন, এয়ারেশন ন্যায় কার্যক্রমসমূহ IoT এবং AI সম্বলিত আধুনিক যন্ত্রের মাধ্যমে সম্পাদন করা হবে;কর্মী ব্যবস্থাপনা মোবাইল অ্যাপস ও ইন্টারনেট ভিত্তিক হবে;ক্লাউড কম্পিউটিং-এর মাধ্যমে ডাটা সংরক্ষণ ও ব্যবস্থাপনা হবে। ফলাফলঃ <ul style="list-style-type: none">উৎপাদন বৃদ্ধি ও উৎপাদন ব্যয় হ্রাস হবে;সার্বক্ষনিক, দূরবর্তী ও Real Time পর্যবেক্ষণ সম্ভব হবে;খামারের পরিবেশবান্ধব জৈব নিরাপত্তা নিশ্চিত হবে।	<ul style="list-style-type: none">মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, আইসিটি বিভাগ এবং এটুআই এর প্রতিনিধির সমন্বয়ে গঠিত টিম স্মার্ট উদ্যোগ (Quick-Win) টি সরেজমিনে পরিদর্শন করে পর্যবেক্ষণ/পরামর্শ প্রদান করবে;স্মার্ট উদ্যোগ (Quick-Win) টি বাস্তবায়নের ক্ষেত্রে দেশীয় প্রযুক্তি ও গবেষকদের নিযুক্ত করতে হবে।
০২	রংপুর মেট্রোপলিটন এলাকায় স্মার্ট পুলিশিং ব্যবস্থা গ্রহণ	<ul style="list-style-type: none">বিদ্যমান জরুরী সেবার জন্য ব্যবহৃত ৯৯৯ এর রেসপন্স টাইম ১০ মিনিটে নামিয়ে আনা;	<ul style="list-style-type: none">স্মার্ট পুলিশিং স্মার্ট উদ্যোগ (Quick-Win)

<p>বাস্তবায়নকালঃ ৩১ আগস্ট ২০২৪।</p> <p>বাস্তবায়নেঃ জননিরাপত্তা বিভাগ</p>	<ul style="list-style-type: none"> • Face Recognition ক্যামেরার মাধ্যমে অপরাধী চিহ্নিত করা এবং অপরাধ সংঘটনের সময় Alert প্রদান করা; • রাতে Night Vision ক্যামেরার মাধ্যমে সন্দেহজনক যাতায়াত মনিটরিং করা; • প্রত্যেক থানায় নাগরিক সেবা নিশ্চিত করার জন্য হেল্প ডেস্ক স্থাপন করা এবং তা মনিটরিং করা; • সারাদেশে অনলাইন জিডি এবং অনলাইন এফআইআর শতভাগ নিশ্চিত করা। <p>ফলাফল:</p> <ul style="list-style-type: none"> • দ্রুত অপরাধী সনাক্তকরণ এবং অপরাধী শ্রেফতার সহজীকরণ; • সার্বক্ষণিক পুলিশি নিরাপত্তা নিশ্চিতকরণ; • সেবা প্রত্যাশীদের সেবাগ্রহণ নিশ্চিতকরণ ও সহজীকরণ। 	<p>টি বাস্তবায়নে নাগরিকের তথ্যের সুরক্ষা এবং গোপনীয়তা নিশ্চিত করতে হবে;</p> <ul style="list-style-type: none"> • অনলাইন জিডি এবং অনলাইন এফআইআর সারাদেশে আগামী ০৬ মাসের মধ্যে বাস্তবায়ন করতে হবে।
<p>০৩ ১টি জেলায় স্মার্ট ফার্টলাইজার ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়ন</p> <p>বাস্তবায়নকালঃ ৩১ আগস্ট ২০২৪।</p> <p>বাস্তবায়নেঃ শিল্প মন্ত্রণালয়</p>	<ul style="list-style-type: none"> • পোর্ট হতে সার কারখানা অথবা বাফার গোডাউন পর্যন্ত সার পরিবহনে IoT যুক্ত ভেহিক্যাল ট্র্যাকিং এর মাধ্যমে রিয়েল টাইম মনিটরিং এর ব্যবস্থা।; • স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দপত্র প্রস্তুত যা জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা স্ব-স্ব ড্যাশবোর্ডের মাধ্যমে দেখতে পাবেন; • সফটওয়্যারের মাধ্যমে টাকা জমা প্রদান ও বরাদ্দপত্র প্রাপ্তি সাপেক্ষে ডিলারগণ কারখানা/বাফার গোডাউন হতে সার সংগ্রহ করবেন। <p>ফলাফল:</p> <ul style="list-style-type: none"> • কারখানা/বাফার গোডাউন হতে অনলাইন ব্যাংকিং এবং ডিজিটাল ম্যাটেরিয়াল রিসিভিং রিপোর্ট এর মাধ্যমে দ্রুত ডিলার বরাবর সার সরবরাহ; • আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের প্রয়োগের ফলে খুব সহজেই জেলা ও উপজেলাভিত্তিক সারের চাহিদা ও বন্টন সুষ্ঠুভাবে বাস্তবায়ন; • সার পরিবহনে ব্যবহৃত জাহাজ/ট্রাকসমূহের সার্বক্ষণিক মনিটরিং; • ইন্টারেক্টিভ ড্যাশবোর্ডের মাধ্যমে বাফার গোডাউন ও সার কারখানায় সারের সামগ্রিক কার্যক্রম পর্যবেক্ষণ। 	<ul style="list-style-type: none"> • সাপ্লাই চেইন ব্যবস্থাপনার অংশ হিসেবে ব্লকচেইন প্রযুক্তির প্রয়োগ বিবেচনায় নিতে হবে।
<p>০৪ স্মার্ট টোল কালেকশন এন্ড ম্যানেজমেন্ট</p> <p>বাস্তবায়নকালঃ ৩১ আগস্ট ২০২৪</p> <p>বাস্তবায়নেঃ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সেতু বিভাগ</p>	<ul style="list-style-type: none"> • সকল ব্রিজ\টানেল\এলিভেটেড এক্সপ্রেসওয়ের মধ্যে স্মার্ট টোল কালেকশন পদ্ধতি স্থাপন; • টোল প্লাজায় প্রতিটি লেন Fast Track-লেন এ পরিনত করা; • ব্রিজ\টানেল\এলিভেটেড এক্সপ্রেসওয়ে ইত্যাদি স্ট্রাকচার এর ফিটনেস মনিটরিং ও নিরাপত্তা বৃদ্ধি করা। <p>ফলাফল:</p> <ul style="list-style-type: none"> • টোল প্লাজার সামনে গাড়ির যানজট নিরসন হবে; • নগদ লেনদেন কমে আসবে; • টোল কার্যক্রমে স্বচ্ছতা বৃদ্ধি পাবে; • সেতুর স্থায়িত্ব বৃদ্ধি পাবে এবং সেতুর রক্ষণাবেক্ষণ সহজ হবে। 	<ul style="list-style-type: none"> • সকল টোল প্লাজায় e-Toll সিস্টেম চালু করা হবে।


<p>০৫</p> <p>Smart Unmanned Level Crossing Railway Gate</p> <p>বাস্তবায়নকালঃ ৩১ আগস্ট ২০২৪</p> <p>বাস্তবায়নেঃ রেলপথ মন্ত্রণালয়</p>	<ul style="list-style-type: none"> • রেলগেটে দুর্ঘটনা রোধকল্পে লেভেল ক্রসিং এ অটোমেশনের মাধ্যমে শব্দ ও সংকেত বাতি স্থাপন করা হবে। <p>ফলাফল:</p> <ul style="list-style-type: none"> • দুর্ঘটনা হ্রাস, জনগণের জানমালের নিরাপত্তা নিশ্চিতকরণ, সরকারী সম্পত্তির ক্ষয়ক্ষতি হ্রাস পাবে। 	<ul style="list-style-type: none"> • Smart Unmanned Level Crossing Railway Gate স্মার্ট উদ্যোগ (Quick-Win) টি আগামী ০৪ মাসের মধ্যে পাইলটিং করতে হবে। • স্মার্ট উদ্যোগ (Quick-Win) টি বাস্তবায়নে Redundant ব্যবস্থা রাখতে হবে। • দুটি ট্রেনের মধ্যে যাতে মুখোমুখি সংঘর্ষ না হয় এক্ষেত্রে মেট্রোরেল এর অভিজ্ঞতা কাজে লাগাতে হবে।
<p>০৬</p> <p>স্মার্ট কম্প্যুলার সত্যায়ন এবং ভেরিফিকেশন</p> <p>বাস্তবায়নকালঃ ৩১ আগস্ট ২০২৪</p> <p>বাস্তবায়নেঃ পররাষ্ট্র মন্ত্রণালয়</p>	<ul style="list-style-type: none"> • অটোমেটেড বাল্ক ডকুমেন্ট ইনপুট হবে; • ডিজিটাল সিগনেচার সংযুক্ত করা হবে; • অটোমেটেড কম্প্যুলার নম্বর এবং বারকোড জেনারেশন হবে; • আন্তর্জাতিক কম্প্যুলার কনভেনশন অনুযায়ী ডাটাবেজে সংরক্ষণ এবং সার্ভিস ডেলিভারী করা হবে এবং অনলাইনে সংশ্লিষ্ট ডকুমেন্ট এর সত্যতা যাচাই সুবিধা নিশ্চিত করা হবে। <p>ফলাফল:</p> <ul style="list-style-type: none"> • দ্রুত সত্যায়ন এবং সার্ভিস ডেলিভারী নিশ্চিতকরণ; • আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী সত্যায়িত দলিলাদির সঠিকতা যাচাই এবং মিথ্যা/ভুয়া/অননুমোদিত দলিল শনাক্তকরণ। 	<ul style="list-style-type: none"> • আইসিটি বিভাগ এবং এটুআই প্রোগ্রামের সমন্বয়ে গঠিত টিম পররাষ্ট্র মন্ত্রণালয়কে কারিগরি সহায়তা প্রদান করবে।
<p>০৭</p> <p>Digitalized Land Service Delivery (DLSD)</p> <p>বাস্তবায়নকালঃ ৩০ জুন ২০২৪</p> <p>বাস্তবায়নেঃ গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় এবং রাজউক</p>	<ul style="list-style-type: none"> • গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় এর আওতায় ইজারাকৃত সকল সম্পত্তির বিক্রয়, নামজারী ও বন্ধকী অনুমতিসহ শ্রেণি রূপান্তরের অনুমতি প্রদান এবং আমোক্তারনামা গ্রহণের ন্যয় সকল কার্যক্রম এর সকল আবেদন অনলাইনে গ্রহণ এবং সেবা প্রদানের জন্য Digitalized Land Service Delivery (DLSD) নামক একটি সফটওয়্যার প্রস্তুত এবং ডিজিটাল পদ্ধতিতে ডাটাবেজে সংরক্ষণ। <p>ফলাফল:</p> <ul style="list-style-type: none"> • সেবাগ্রহণের সময়, খরচ ও যাতায়াত কমবে; • প্রটোকল/ফ্ল্যাট সংক্রান্ত সকল নথিসমূহ স্ক্যানিংপূর্বক ডিজিটাল ডাটাবেজে সংরক্ষণের ফলে তথ্যসমূহ সুরক্ষিত থাকবে; • সেবামূল্য অনলাইনে (ই-ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং) পরিশোধ করার ব্যবস্থা থাকায় সেবাগ্রহীতাগণের ভোগান্তি লাঘব হবে। 	<ul style="list-style-type: none"> • Digitalized Land Service Delivery (DLSD) Quick-Winটি আগামী ০৪ মাসের মধ্যে বাস্তবায়ন করতে হবে। • আইসিটি বিভাগ এবং এটুআই প্রোগ্রামের সমন্বয়ে গঠিত টিম গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়কে কারিগরি সহায়তা প্রদান করবে।

			<ul style="list-style-type: none"> ● রাজউকের কার্যক্রমকে দ্রুত অটোমেশন এর আওতায় নিয়ে আসতে হবে।
০৮	<p>My-Locker- সকল সনদ ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের সংরক্ষণ, সত্যায়ন ও যাচাইকরণের একটি কেন্দ্রীয় অনলাইন প্রাটফর্ম</p> <p>বাস্তবায়নকালঃ ৩১ আগস্ট ২০২৪</p> <p>বাস্তবায়নেঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।</p>	<ul style="list-style-type: none"> ● নাগরিকের সকল সরকারি/বেসরকারি সনদ এবং অন্যান্য প্রয়োজনীয় ব্যক্তিগত কাগজপত্রের অনলাইনে সংরক্ষণ, সত্যায়ন ও যাচাইকরণের একটি কেন্দ্রীয় অনলাইন প্রাটফর্ম করা হবে; ● প্রাটফর্মে সকল নাগরিকের শিক্ষা, চিকিৎসা ও সামাজিক সনদসমূহ সত্যতা যাচাইপূর্বক সংরক্ষণ করা হবে; ● এনআইডির মাধ্যমে my-Locker প্রাটফর্মে এক্সেস প্রদান করা হবে; ● my-Locker প্রাটফর্মে সংরক্ষিত ডকুমেন্ট on the spot প্রদর্শনের ব্যবস্থা থাকবে; ● my-Locker প্রাটফর্মে সংরক্ষিত ডকুমেন্ট অনলাইন ডেলিভারীর ব্যবস্থা থাকবে। <p>ফলাফলঃ</p> <ul style="list-style-type: none"> ● এই প্রাটফর্মটি বাস্তবায়নের মধ্যে দিয়ে একজন নাগরিক প্রয়োজনীয় কাগজপত্র সাথে না রেখেও সকল ধরনের সেবা গ্রহণ করতে পারবে। তন্মধ্যে উল্লেখযোগ্যঃ my-Locker থেকে NID প্রদর্শনের মাধ্যমে ট্রেন ভ্রমণ, ড্রাইভিং লাইসেন্স ও গাড়ির কাগজপত্র ট্রাফিক পুলিশকে প্রদর্শন ইত্যাদি; ● সকল কাগজপত্র সনাক্তকরণ; ● নাগরিক এবং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান যে কোনো সময়, যে কোনো স্থান থেকে যে কোন সনদ বা কাগজপত্র প্রয়োজনীয় অনুমতি সাপেক্ষে এক্সেস করতে পারবে; ● সরকারি/বেসরকারি বিভিন্ন সেবা গ্রহণ করার ক্ষেত্রে একই কাগজপত্র বারবার সংযুক্ত করার হয়রানি কমাবে। 	<ul style="list-style-type: none"> ● আগামী ০৬ মাসের মধ্যে my-Locker স্মার্ট উদ্যোগ (Quick-Win) টি বাস্তবায়নের জন্য প্রাটফর্ম প্রস্তুত করতে হবে। ● প্রাথমিকভাবে বাছাইকৃত ২-৩ টি সেবা এই প্রাটফর্মে ইন্টিগ্রেট করতে হবে।
০৯	<p>বিদ্যুৎ বিতরণ ব্যবস্থাপনায় স্মার্ট সার্ভেইলেপ</p> <p>বাস্তবায়নকালঃ ৩১ আগস্ট ২০২৪</p> <p>বাস্তবায়নেঃ বিদ্যুৎ বিভাগ</p>	<ul style="list-style-type: none"> ● ১৩২/৩৩/১১ কেভি উপকেন্দ্রের স্থাপনাসমূহে মাঝে মাঝে রেড হট বা ওভার হিটিং জনিত ফল্ট/দুর্ঘটনার ফলে বিদ্যুৎ বিচ্ছৃতি হয়। এ সকল সমস্যার আগাম চিহ্নিতকরণ এবং সংশ্লিষ্ট অফিসকে তাৎক্ষণিক অবহিত করা। <p>ফলাফলঃ</p> <ul style="list-style-type: none"> ● ১৩২/৩৩/১১ কেভি উপকেন্দ্রের সার্বিক নিরাপত্তা জোরদার হবে; ● থার্মাল প্রোফাইলিং ব্যবস্থাপনা ও ডেটা এনালাইসিস করে ট্রান্সফরমার, সুইচ গিয়ার ও অন্যান্য মূল্যবান যন্ত্রপাতির ওভার হিটিং হতে রক্ষা করা সম্ভব হবে।; ● আর্থিক সাশ্রয় ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা নিশ্চিত এবং সামগ্রিকভাবে গ্রাহক সেবার মান বৃদ্ধি পাবে। 	<ul style="list-style-type: none"> ● আগামী ডিসেম্বর ২০২৫ এর মধ্যে ব্যবহৃত সকল মিটারকে প্রিপেইড মিটারের আওতায় নিয়ে আসতে হবে।

০৩। বিবিধঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১)	Quick-win বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিবগণ নিবিড় পর্যবেক্ষণ করবেন।	সকল মন্ত্রণালয়/বিভাগ।
২)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ একটি কারিগরি কমিটি গঠন করে সকল Quick-win বাস্তবায়নে কারিগরি সহায়তা প্রদান করবে।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৩)	Quick-win উদ্যোগের যাবতীয় তথ্য, অগ্রগতি এবং সময়ভিত্তিক অর্জন "plan.smartbangladesg.gov.bd" ওয়েবসাইটের মাধ্যমে হালনাগাদ করতে হবে।	সকল মন্ত্রণালয়/বিভাগ।
৪)	প্রতিটি Quick-win আবশ্যিকভাবে জনবান্ধব ও জনগুরুত্বপূর্ণ হতে হবে। অন্যথায় আইসিটি বিভাগের সহায়তায় প্রয়োজনীয় পরিবর্তন ও সংশোধন করতে হবে।	সকল মন্ত্রণালয়/বিভাগ।
৫)	আগামী ১২/১২/২০২৪ তারিখে অনুষ্ঠেয় স্মার্ট বাংলাদেশ দিবসে সকল "স্মার্ট উদ্যোগ" জনগণের নিকট প্রদর্শন করতে হবে।	সকল মন্ত্রণালয়/বিভাগ।
৬)	দেশের আইসিটি শিল্প ও স্টার্টআপ এর বিকাশে দেশে উৎপাদিত ও সংযোজিত আইসিটি পণ্য ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে।	সকল মন্ত্রণালয়/বিভাগ।
৭)	৩য় সভায় উপস্থাপনকারী ৯টি মন্ত্রণালয়/বিভাগ ব্যতিত অবশিষ্ট মন্ত্রণালয়/বিভাগ তাদের স্মার্ট উদ্যোগসমূহ চূড়ান্তপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করবে।	সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ।

০৪। সর্বশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।


১৬.১২.২৪

(মোঃ তোফাজ্জল হোসেন মিয়া)

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব

ও

সভাপতি

স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সের নির্বাহী কমিটি